গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	জান্নাতুল ফেরদৌস উপ-পরিচালক
সভার তারিখ	০৫ আগস্ট.২০১৯
সভার সময়	সকাল ১০.০০ টায়
স্থান	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সার্বিক কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিয়মিত সভা করা প্রয়োজন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ০৫/০৮/২০১৯ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। সহকারী পরিচালক (প্রশাসন) বলেন বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের আবাসন সুবিধাদির জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন ট্রাস্টের সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে। প্রোগ্রামার বলেন ট্রাস্ট্রের ওয়েবসাইটে একটি অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে, ওয়েবসাইটে প্রতিদিন কতজন ভিজিট করে তা এখন দেখা যায়।

২। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রমিক নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	**যেসব প্রতিষ্ঠান স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২০১৫-১৬, ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নামের তালিকার হার্ড কপির সাথে সফট কপি এখনো পাঠায়নি সেসব প্রতিষ্ঠানের বিষয়ে আলোচনা হয়। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ঈদের ছুটি দীর্ঘ হওয়ায় যথাসময়ে উপবৃত্তির ডাটা প্রাপ্তির বিষয়ে আশংকা দেখা দিয়েছে। সফট কপি পাঠানোর জন্য সব প্রতিষ্ঠানে এবং সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের ফোনে তাগিদ দেওয়ার বিষয়ে আলোচনা হয়।**	**যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান এখনো শিক্ষার্থীদের নামের তালিকার সফট কপি পাঠায়নি ০৫/০৮/২০১৯ এবং ০৬/০৮/২০১৯ তারিখের মধ্যে ফোন করে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং শিক্ষা প্রতিষ্ঠান গুলোকে তালিকা প্রেরণের জন্য তাগিদ দিতে হবে।**	সহকারী পরিচালক (উপবৃত্তি)
২.	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন আগামী সেপ্টেম্বর মাসে উপদেষ্টা পরিষদের সভা অনুষ্ঠিত হতে পারে। এ কারণে আগস্ট মাসের মধ্যে শিক্ষার্থীদের ডাটা এন্ট্রির কাজ সমাপ্ত করার বিষয়ে আলোচনা হয়।	আগস্ট মাসের মধ্যে শিক্ষার্থীদের ডাটা এন্ট্রির কাজ শেষ করতে হবে।	সহকারী পরিচালক (উপবৃত্তি)

৩.	যে সকল প্রতিষ্ঠান থেকে নামের তালিকার সফট কপি সংগ্রহ করা সম্ভব হবে না ০৭/০৮/২০১৯ তারিখ থেকে সেগুলোর হার্ড কপি দেখে টাইপের কাজ শুরু করার বিষয়ে আলোচনা হয়।	যে সকল প্রতিষ্ঠান থেকে নামের তালিকার সফট কপি সংগ্রহ করা সম্ভব হবে না ০৭/০৮/২০১৯ তারিখ থেকে সেসব প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ডাটার হার্ড কপি দেখে টাইপের কাজ শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল ডাটা-এন্ট্রি অপারেটর এবং সকল অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক।
৪.	আগামী সেপ্টেম্বর মাসে মাননীয় প্রধানমন্ত্রী উপদেষ্টা পরিষদের সভার তারিখ নির্ধারণ করতে পারেন। এ কারণে দ্রুত উপদেষ্টা পরিষদের সভার কার্যপত্র প্রস্তুতের বিষয়ে আলোচনা হয় ।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) উপদেষ্টা পরিষদের কার্যপত্র প্রস্তুতের কাজ শুরু করবেন।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
৫.	ট্রাস্টের প্রোগ্রামার বলেন, এমআইএস শাখার কর্মকর্তা/কর্মচারীদের এটুআই থেকে পরিচালিত বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমে অংশ গ্রহণের সুযোগ দেওয়া হলে তাদের কাজের দক্ষতা ও গতি বৃদ্ধি পাবে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং এটুআই কর্তৃক পরিচালিত ICT বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমে এমআইএস শাখার কর্মকর্তা/কর্মচারীদের অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা হয়।	এমআইএস শাখার কর্মকর্তা/কর্মচারীদের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং A2i পরিচালিত ICT বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহনের সুযোগ প্রদানের জন্য সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং পরিচালক, A2i বরাবর পত্র প্রেরণ করা হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
৬.	ট্রাস্টের স্থায়ী কর্মচারীগন এতদিন যাবত যে কোডে ভবিষ্য তহবিলের অর্থ জমা দিয়েছে সে প্রক্রিয়া সঠিক হয়নি মর্মে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, শিক্ষা মন্ত্রণালয় থেকে নিশ্চিত করা হয়েছে। ট্রাস্টের কর্মচারীদের ভবিষ্য তহবিল নিয়ে উদ্ভুত জটিলতার বিষয়ে আলোচনা হয়।	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের ভবিষ্য তহবিল এর বিষয়ে মতামত চেয়ে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)

৭.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের অনুরূপ কয়েকটি প্রতিষ্ঠানের পেনশন পলিসি দেখে একটি পেনশন পরিকল্প প্রস্তুত এবং সুনির্দিষ্ট প্রস্তাবসহ তা ট্রাস্টি বোর্ড এবং উপদেষ্টা পরিষদ এর সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়।	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের অনুরূপ কয়েকটি প্রতিষ্ঠানের পেনশন পলিসি দেখে একটি পেনশন পরিকল্প প্রস্তুত করে সুনির্দিষ্ট প্রস্তাবসহ তা ট্রাস্টি বোর্ড এবং উপদেষ্টা পরিষদের সভায় উপস্থাপন করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)

জান্নাতুল ফেরদৌস
উপ-পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.১৮৭

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৬
০৭ আগস্ট ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৩) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৪) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৫) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৬) প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৭) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৮) হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৯) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১০) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১১) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১২) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৩) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৪) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৫) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৬) ডাটা এন্ট্রি অপারেটর, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৭) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৮) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

RJahan

রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক